# বিজ্ঞানমনস্ক শিক্ষা ব্যবস্থা গড়তে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান

নিজস্ব বার্তা পরিবেশক

ভবিষ্যৎ প্রজন্মের জন্য নিরাপদ রাষ্ট্র ব্যবস্থা ও প্রতিযোগিতামূলক বিশ্ব ব্যবস্থার উপযুক্ত বিজ্ঞানমনস্ক শিক্ষা ব্যবস্থা গড়ে তোলতে সর্বস্তরের মানুষকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন সম্মিলিত সামাজিক আন্দোলনের ভারপ্রাপ্ত সভাপতি জিয়াউদ্দিন তারেক আলী। গতকাল রাজধানীর দোলাইপাড় বাসস্ট্যান্ড সংলগ্ন এসএ টাওয়ারে শিশু-কিশোরদের এক চিত্রাঙ্কন প্রতিযোগিতা উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও মহান একুশে ফেব্রুয়ারি উপলক্ষে 'একুশের চেতনা' শীর্ষক শিশু-কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করে সম্মিলিত সামাজিক আন্দোলন ঢাকা মহানগর শাখার শ্যামপুর থানা। আয়োজক সংগঠনের মো. কামরুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধন অনুষ্ঠানে সামাজিক আন্দোলনের প্রসিডিয়াম সদস্য ড. আজিজুর রহমান, সাধারণ সম্পাদক সালেহ আহমেদ, সম্পাদকমণ্ডলীর সদস্য কেএম রফিকুল কাদেরসহ কেন্দ্রীয় ও মহানগর নেতারা বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শতাধিক শিশু-কিশোর, এলাকার বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষক, অভিভাবক ও স্থানীয় শ্রেণী-পেশার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।